

আন্তর্জাতিক

বিশ্বজুড়ে অভিবাসী ভিসার সাক্ষাৎকার সাময়িক স্থগিত যুক্তরাষ্ট্রের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



বিশ্বজুড়ে অভিবাসী ভিসার আবেদনকারীদের সাক্ষাৎকারের সময়সূচি সাময়িকভাবে স্থগিত করেছে যুক্তরাষ্ট্র। দেশটির সব দূতাবাস ও কনস্যুলেটে নতুন একটি প্রশিক্ষণ কর্মসূচি শুরু করার সঙ্গে সমন্বয় করে সাক্ষাৎকারের সময়সূচি পরিবর্তন করা হচ্ছে।

মঙ্গলবার মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখপাত্র এ তথ্য জানান। তবে প্রশিক্ষণ কর্মসূচি কত দিন চলবে বা কবে থেকে সাক্ষাৎকার আবার স্বাভাবিক হবে, সে বিষয়ে কোনো সময়সীমা জানানো হয়নি।

মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, প্রশিক্ষণের মাধ্যমে কনস্যুলার কর্মকর্তাদের আবেদনকারীদের আরও ভালোভাবে মূল্যায়নে সহায়তা করা হবে। বিশেষ করে ভবিষ্যতে যুক্তরাষ্ট্রের সরকারি সুবিধার ওপর নির্ভরশীল হয়ে পড়তে পারেন এমন আবেদনকারীদের শনাক্ত করার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হবে।

মন্ত্রণালয় আরও জানিয়েছে, সব ভিসা আবেদনকারীকে একই নিয়মে এবং সামগ্রিকভাবে মূল্যায়ন করা হবে।

ভিসার সাক্ষাৎকার স্থগিতের খবর প্রথম প্রকাশ করে ফিন্যানশিয়াল টাইমস। তাদের প্রতিবেদনে বলা হয়, সাক্ষাৎকারের তারিখ পাওয়া অনেক আবেদনকারী ই-মেইল পেয়েছেন। এতে তাঁদের জানানো হয়েছে, নির্ধারিত সাক্ষাৎকারের তারিখ পরিবর্তন করা হচ্ছে। নতুন তারিখ পরে জানানো হবে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন ক্ষমতায় আসার পর যুক্তরাষ্ট্রে অভিবাসন কমাতে নানা কঠোর পদক্ষেপ নিয়েছে। এর মধ্যে রয়েছে ব্যাপক বহিষ্কার অভিযান, ভিসা ও গ্রিন কার্ড বাতিল এবং বিভিন্ন কারণে ভিসার আবেদন প্রত্যাখ্যান।

ট্রাম্প প্রশাসনের দাবি, এসব পদক্ষেপের লক্ষ্য যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ নিরাপত্তা জোরদার করা। তবে এসব নীতি নিয়ে আইনি চ্যালেঞ্জও তৈরি হয়েছে।

গত শুক্রবার এক মার্কিন বিচারক ৭৫টি দেশের আবেদনকারীদের অভিবাসী ভিসা দেওয়া স্থগিত করার ট্রাম্প প্রশাসনের একটি নীতি বাতিল করে দেন। বিচারকের মতে, ওই নীতি বাস্তবায়নে পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও তাঁর আইনগত ক্ষমতার সীমা অতিক্রম করেছেন।

ট্রাম্প প্রশাসনের অভিবাসননীতির সমালোচনা করেছে বিভিন্ন মানবাধিকার সংগঠন। তাদের অভিযোগ, এসব পদক্ষেপ বৈষম্যমূলক। এগুলো মতপ্রকাশের স্বাধীনতা ও যথাযথ আইনি প্রক্রিয়ার অধিকারেরও পরিপন্থী।

অধিকার সংগঠনগুলোর আশঙ্কা, এসব নীতির কারণে বিশেষ করে জাতিগত সংখ্যালঘুদের ওপর অতিরিক্ত নজরদারি ও বৈষম্যের ঝুঁকি বাড়তে পারে।

২০২৪ সালের নির্বাচনী প্রচারণায় ট্রাম্প অবৈধ অভিবাসন বন্ধের প্রতিশ্রুতি দিয়েছিলেন। তবে তাঁর প্রশাসনের বিভিন্ন পদক্ষেপের কারণে বৈধ অভিবাসনের পথও কঠিন হয়ে পড়ছে বলে সমালোচনা রয়েছে।

নতুন প্রশিক্ষণ কর্মসূচি শেষ হওয়ার পর অভিবাসী ভিসার সাক্ষাৎকার কবে থেকে স্বাভাবিক হবে, তা এখনো জানায়নি মার্কিন পররাষ্ট্র মন্ত্রণালয়।

এ বিভাগের আরও খবর



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত নিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ
জানিয়েছে ভারত।ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ক্ষেপণাস্ত্র-দ্রোণ হামলার দাবি ছতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও দ্রোণ দিয়ে হামলার
দাবি করেছে ইয়েমেনের সশস...



ছতিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের ছবি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...